



তারিখঃ ০৮.১২.২০২১ইং

স্মারক নং ৩৩.০১.৪২৪৩.০০০.০০.০০০.২১.৩১২

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তরধীন “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর” প্রকল্পের অধীনে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৫/১২/২০২১ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কাঠালিয়া, ঝালকাঠি বরাবর আবেদন করার জন্য বলা হলো।

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	ভাতা
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA)	০১	ন্যূনতম এসএসসি বা সমমান পাশ	মাসিক ১৫০০০/- (পনের হাজার)


### আবেদনকারীর যোগ্যতা:

১. কাঠালিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন হতে হবে।
২. নিজে গবাদি পশুপালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলার খামারী পর্যায়ে অধিক উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে সম্প্রসারণ এজেন্ট হিসেবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
৩. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
৪. প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
৫. আগ্রহী প্রার্থীর বয়স ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধীকার প্রদান করা হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

### আবেদন পত্রের সাথে সংযুক্তি:

সদ্য তোলা ০১ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা প্রমাণে সনদপত্রের সত্যায়িত ফটোকপি, স্থায়ী বাসিন্দা সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

বি.দ্র. পরীক্ষার সময়, স্থান ও পদ্ধতি পরবর্তীতে জানানো হবে।

  
০৮-১২-২০২১

(ডাঃ মোঃ আবদুল মমিন)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
কাঠালিয়া, ঝালকাঠি।

সদয় অবগতি ও কার্যার্থে/প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি।
২. উপজেলা কৃষি অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি।
৩. অফিস কপি।

(ডাঃ মোঃ আবদুল মমিন)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভাঃ প্রাঃ)